সংশোধিত এডিপি অগ্রাধিকার
অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
কার্যক্রম বিভাগ
(ভৌত উইং)
(www.plancomm.gov.bd)

স্মারক নং-২০.০৬.০০০০.৬১৮.২০.৪৩৯.২০২৩/১৬৩ তারিখঃ ২ চৈত্র, ১৪২৯ / ১৬ মার্চ, ২০২৩

বিষয়ঃ ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)'র একই মন্ত্রণালয়/বিভাগ/বাজেট এনটিটি হতে অন্য মন্ত্রণালয়/বিভাগ/বাজেট এনটিটি বিপরীতে অর্থ স্থানান্তর বা পুনঃউপযোজন প্রসঙ্গে।

গত ০১ মার্চ, ২০২৩ তারিখে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি)-এর সভায় ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) অনুমোদিত হয়েছে। এ সভায় অন্যান্যের সাথে নিম্নবর্ণিত সিদ্ধান্তটি গৃহীত হয়েছে:

সিদ্ধান্তঃ ৫.৮

(ক) Public Money and Budget Management Act, ২০০৯ এর ১৪(১) ধারা মোতাবেক অনুমোদিত সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির অন্তঃভোট (Intra Vote) পুনঃউপযোজন করা যাবে। অর্থাৎ একই মন্ত্রণালয়/বিভাগের মোট বরাদ্দ অপরিবর্তিত রেখে তার আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মধ্যে বরাদ্দ পুন:উপযোজন করা যাবে। তবে, আন্তঃভোট (Inter Vote) বা এক মঞ্জুরী হতে অন্য মঞ্জুরীর বিপরীতে অর্থ স্থানান্তর বা পুন:উপযোজন করা যাবে না।

(খ) অর্থ বিভাগের নিদের্শনা মোতাবেক আর্থিক ও বাজেট ব্যবস্থাপনার স্বার্থে আগামী **১৫ মে ২০২৩** তারিখের পর কার্যক্রম বিভাগের অনুকূলে রক্ষিত 'বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা' খাতের বরাদ্দ হতে কোনো মন্ত্রণালয়/বিভাগের অনুকূলে বরাদ্দ প্রদান করা যাবে না। এছাড়া **৩০ মে ২০২৩** তারিখের পর সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির অন্তঃভোট (Intra Vote) পুন:উপযোজন করা যাবে না; এবং

(গ) অনুমোদিত সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আন্তঃসেক্টর (Inter Sector) বরাদ্দ উপযোজন করা যাবে না।

০২। জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি)-এর উক্ত সিদ্ধান্ত যথাযথভাবে প্রতিপালনের লক্ষ্যে 'বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা' খাত হতে বরাদ্দ প্রস্তাব কার্যক্রম বিভাগে ৩০ এপ্রিল ২০২৩ এর মধ্যে এবং সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির অন্তঃভোট (Intra Vote) পুন:উপযোজন প্রস্তাব ১৫ মে ২০২৩ এর মধ্যে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৬/০৩/২৩
(মোঃ রুহুল আযম)
উপ-প্রধান
ফোনঃ ৪৮২২৬৫০০

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য (সিনিয়র সচিব), আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।

২। সদস্য (সচিব), ভৌত অবকাঠামো বিভাগ/শিল্প ও শক্তি বিভাগ/কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্ববর্তি পৃষ্ঠার পর

স্মারক নং-২০.০৬.০০০০.৬১৮.২০.৪৩৯.২০২৩/ ৮৮৬

তারিখঃ ২ চৈত্র, ১৪২৯ / ১৬ মার্চ, ২০২৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।

৩। সিনিয়র সচিব/সচিব.................................................................................................. মন্ত্রণালয়/বিভাগ, ..............................................................................., ঢাকা।

৪। প্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ/শিল্প ও শক্তি বিভাগ/কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ/ভৌত অবকাঠামো বিভাগ/সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।

৫। প্রধান, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।

৬। সংশ্লিষ্ট সকল যুগ্ম-প্রধান, পরিকল্পনা কমিশন, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।

৭। সকল কর্মকর্তা, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।

২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, আগারগাঁও, শের-ই- বাংলা নগর, ঢাকা।

৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইটি সেল, পরিকল্পনা বিভাগ, শের-ই- বাংলা নগর, ঢাকা (পত্রটি পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

৪। সদস্য (কার্যক্রম) ও সচিব (পরিকল্পনা বিভাগ) মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা কমিশন, শের-ই- বাংলা নগর, ঢাকা।

৫। প্রধান (কার্যক্রম) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই- বাংলা নগর, ঢাকা।

১৬/০৩/২৩

(মোঃ রুহুল আমিন)

উপ-প্রধান